

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৫০/২০১৫

তারিখঃ ০৫/০৮/২০১৫খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

২১ শ্রাবণ, ১৪২২বাংলা

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর স্মারক নং- পরিনিদ/প্রক্সিমিটি আইডি কার্ড/২০১৪/৯৬৪, তারিখ- ৩০/০৭/২০১৫, সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা

সচিব

### চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর

নং-পরিনিদ/প্রক্সিমিটি আইডি কার্ড/২০১৪/৯৬৪

তারিখ-৩০/০৭/২০১৫

বিষয়ঃ চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী হিসাবে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের মালিক/জেটি সরকার এবং স্থায়ী গেইট পাশ বহনকারীদের ডাটাবেইস প্রস্তুতের সময় বৃদ্ধি প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৯/০৪/২০১৫ তারিখ হতে নিরাপত্তা ভবনের ২য় তলায় সার্ভার কক্ষে চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী হিসাবে সকল প্রতিষ্ঠান/ব্যক্তির তথ্যাদি সংরক্ষণ করতঃ ডাটাবেজ তৈরী সংক্রান্ত কার্যক্রম চলছে। ডাটাবেজ সংক্রান্ত কার্যক্রম দীর্ঘসময় ধরে চলার পরও যদি কোন প্রতিষ্ঠান/সংশ্লিষ্ট ব্যক্তির তথ্যাদি ইতঃমধ্যে অন্তর্ভুক্ত করাতে পারেননি তাদের জন্য সময়সীমা ৩১/০৮/২০১৫ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। উল্লেখ্য, উক্ত সময়সীমার পরে এতদ্বিষয়ে কোন ধরনের ওজর আপত্তি গ্রহণযোগ্য হবেনা। তৎপ্রেক্ষিতে বাদ পড়া সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের মালিক/জেটি সরকার এবং স্থায়ী গেইট পাশ ব্যবহারকারীদের ডাটাবেজ প্রস্তুতের নিমিত্তে স্বশরীরে অফিস চলাকালীন সময়ে নিরাপত্তা ভবনের সার্ভার কক্ষে যোগাযোগ করতঃ বর্ধিত সময়সীমার মধ্যে তথ্যাদি প্রদানের অনুরোধ করা হলো। তথ্য সংরক্ষণের ক্ষেত্রে যে সমস্ত Original Documents এর প্রয়োজন হবে তার তালিকা নিম্নে উল্লেখ করা হলোঃ

#### প্রয়োজ্য ডকুমেন্টসমূহঃ

ক।	ট্রেড লাইসেন্স (মালিকের)	খ।	কাস্টম সরকার লাইসেন্স	বন্ধনীয় ডকুমেন্টসমূহ শুধুমাত্র জেটি সরকার লাইসেন্সধারীর জন্য প্রয়োজ্য।
গ।	ভেভার লাইসেন্স	ঘ।	জেটি সরকার লাইসেন্স	
ঙ।	ভ্যাট/আয়কর সংক্রান্ত সার্টিফিকেট	চ।	পাসপোর্ট সাইজ ছবি-১ কপি	
ছ।	বন্দরের তালিকাভুক্তির কপি	জ।	জাতীয় পরিচয় পত্র	
ঝ।	টিন সার্টিফিকেট			

#### যাদের জন্য প্রয়োজ্য :

ক।	সিএন্ডএফ এজেন্ট (শুধু জেটি সরকার)
খ।	বার্থ অপারেটর/সাইফ পাওয়ার টেক
গ।	সকল ডিপো
ঘ।	সাপ্লাইয়ার/ভেভার লাইসেন্সধারী

২। বিষয়টি জরুরী বিধায় ডাটাবেইস প্রস্তুতের কাজ দ্রুত সম্পাদনের লক্ষ্যে আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।

স্বাক্ষরিত/-

পরিচালক (নিরাপত্তা)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বিঃদ্রঃ- যে সমস্ত সি এন্ড এফ এজেন্ট পরিচালক (নিরাপত্তা) চবক এর দপ্তরে তালিকাভুক্ত হয়ে প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদ করেছেন শুধুমাত্র তাঁদের জেটি সরকার এর ক্ষেত্রে এ আদেশ প্রয়োজ্য হবে। তবে যে সকল সদস্য সিএন্ডএফ এজেন্ট পরিচালক (নিরাপত্তা), চবক এর দপ্তরে এখনও তালিকাভুক্ত হননি, তাঁরা তালিকাভুক্ত হয়ে তালিকাভুক্তির কপিসহ ডাটাবেইস এ অন্তর্ভুক্ত হওয়ার আবেদন করতে হবে।